

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৬৪০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ হাদীস ও হাদীসের মূল বক্তব্যের বুকের বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিকে যেই হাদীস এই সংশয়ে ফেলে দেয় যে, ছুটে যাওয়া সালাত হয়তো পরের দিন ঐ সালাতের সময় পুনরায় আদায় করতে হবে

ذَكَرُ خَبَرٍ قَدْ يُؤْهِمُ غَيْرَ الْمُتَبَجِّرِ فِي صِنَاعَةِ الْأَخْبَارِ وَالتَّفَقُّهِ فِي مُتُونِ الْأَثَارِ أَنَّ الصَّلَاةَ  
الْفَائِتَةَ تُعَادُ فِي الْوَقْتِ الَّتِي كَانَتْ فِيهِ مِنْ غَدِهَا

আরবী

2640 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ قَالَ:  
حَدَّثَنَا أَبُو دَاوُدَ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ ثَابِتٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رِبَاحٍ عَنْ أَبِي قَتَادَةَ: أَنَّ  
رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابَهُ لَمَّا نَامُوا عَنِ الصَّلَاةِ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى  
اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صلوها الغد لوقتها)  
الراوي : أَبُو قَتَادَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات  
الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 2640 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))  
(465): م.

বাংলা

২৬৪০. আবু কাতাদা রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সাহাবীগণ যখন সালাত না পড়ে ঘুমিয়ে থাকতেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলতেন, “তোমরা এই সালাত আগামীকাল যথা সময়ে আদায় করবে।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৯৯০; মুসনাদ আহমাদ: ৫/৩০৯; নাসাঈ: ১/২৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৪৬৫)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91970>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন